

## একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ডাসার, মাদারীপুর।

স্মারক নং- ১৩.০১.৫৪১৮.০০০.৫৭.০১১.২৪- ১১৩

তারিখ : ২৬/০৮/২০২৫খ্রি.

## ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ০৯/১০/২০২৪খ্রি. তারিখের ১৩.০০.০০০০. ০৪৬.৩৬.০০১.২০-২০৫ নং স্মারকে পরিপত্র, ওএমএস নীতিমালা/২০২৪ এবং উপজেলা ওএমএস কমিটি, ডাসার, মাদারীপুর এর সিদ্ধান্ত মোতাবেক ডাসার উপজেলায় নিম্নলিখিত প্রতি বিক্রয়কেন্দ্রের জন্য একজন করে ওএমএস ডিলার নিয়োগ করা হবে।

### ১। পূর্ব কমলাপুর ও ২। উত্তর ডাসার বাজার

#### ডিলার নিয়োগের শর্ত ও যোগ্যতা :

- ০১। আবেদনকারীকে বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে হতে হবে;
- ০২। আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের লাইসেন্সধারী হতে হবে ;
- ০৩। আবেদনকারীকে খাদ্যশস্যের হালনাগাদ লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ী হতে হবে;
- ০৪। আবেদনকারীকে কমপক্ষে ০৩ মেটন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে। সংরক্ষণাগারের মেঝে ও দেয়াল পাকা হতে হবে।
- ০৫। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে;
- ০৬। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে;
- ০৭। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- ০৮। আবেদনকারী যে বিক্রয়কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে;
- ০৯। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার বা তার উপর নির্ভরশীল কেউ আবেদন করতে পারবেন না। অথবা কোন ডিলার/মিলার/ ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;
- ১০। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও ডিলার হিসেবে কার্যরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না;
- ১১। আবেদনকারীকে ৫০০/- টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ডাসার, মাদারীপুর হতে আবেদন ফরম সংগ্রহ করতে হবে;
- ১২। ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-
  - (i) সদ্য তোলার পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি ০২ (দুই)কপি;
  - (ii) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি;
  - (iii) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র;
  - (iv) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
  - (v) নাগরিকত্বের সনদপত্রের ফটোকপি,
  - (vi) অঙ্গিকারনামা;
  - (vii) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; ।

ডিলারশীপের জন্য আগ্রহীদেরকে আগামী ০২/০৯/২০২৫খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ডাসার, মাদারীপুরে উল্লিখিত কাগজপত্রসহ আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করুন।

স্বাক্ষরিত :-

অশোক কুমার চৌধুরী  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অদা.)  
ও  
সদস্য সচিব  
উপজেলা ওএমএস কমিটি  
ডাসার, মাদারীপুর